তারিখ 19 AUG 2016 ... ...
পৃঃ ৩ - ৬ কলাম ... ৩ ......

দৈনিক
জনকণ্ঠ

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

স্মারক নংঃ ইউজিসি/বেঃবিঃ/৪৮৪(বিজ্ঞপ্তি)/২০১৬/৬৭৪২

তারিখ : ০৩ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ
১৮ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ

## কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা এবং ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য গণ বিজ্ঞপ্তি

বর্তমানে দেশে অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৯৪টি। এর মধ্যে যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মামলা মোকদ্দমাসহ বিভিন্ন ধরনের সমস্যা বিদ্যমান, সমস্যার ধরনসহ সে সব বিশ্ববিদ্যালয়ের তালিকা জনস্বার্থে এবং অভিভাবক ও শিক্ষার্থীদের জ্ঞাতার্থে পূর্বের ন্যায় প্রকাশ করা হলোঃ

ক) <u>আদালতের স্থগিতাদেশ নিয়ে ক্যাম্পাস পরিচালনা (০১টি)</u>

ইবাইস ইউনিভার্সিটি-এ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব বিদ্যমান। বোর্ড অব ট্রাস্টিজ ২টি ভাগে বিভক্ত এবং একে অপরের বিরুদ্ধে মাননীয় আদালতে একাধিক মামলা দায়ের করেছে। দ্বন্দ্ব নিরসন তথা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপের বিষয়েও একটি গ্রুপ মাননীয় আদালতে মামলা দায়ের করে উক্ত কার্যক্রম স্থগিত করেছে।

খ) <u>সরকার কর্তৃক বন্ধকৃত, তবে আদালতের স্থগিতাদেশ নিয়ে পরিচালিত (০২টি)</u>

(১) **আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি-** ৫৪/১, প্রগতি স্মরণী, বারিধারা-নদ্দা, ঢাকা। উক্ত ক্যাম্পাস ব্যতীত মাননীয় উচ্চ আদালতের রায় অনুযায়ী অননুমোদিত অন্যান্য অবৈধ ক্যাম্পাস উচ্ছেদ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র মারফত অনুরোধ করা হয়েছে। অননুমোদিত ও উচ্ছেদযোগ্য ক্যাম্পাস- (ক) ৯৫, বি টি আই ভবন, ফার্মগেট (খ) ৭১/সি, আসাদ এভিনিউ (গ) ১০৭/১, বক্স কালভার্ট রোড, নয়াপল্টন (ঘ) ৭৪৩, সাত মসজিদ রোড, ধানমন্ডি (ঙ) ১৫৯/ডি, তেজগাঁও শিল্প এলাকা (চ) মেহেরবা প্লাজা, ৩৩, তোপখানা রোড (ছ) ৫/এফ জি এইচ, দারুস সালাম রোড, সংগীতা ভবন, মিরপুর-১ (জ) বাড়ী- ১৩, রোড- ৩৫, সেক্টর- ৭, উত্তরা (ঝ) ৮৩/৩/এ, জনী টাওয়ার যাত্রাবাড়ি চৌরাস্তা (ঞ) রোজিডেল, বাড়ি- ১, রোড- ৪, গুলশান বাড্ডা লিংক রোড (ট) বাড়ি- ১১৩, রোড- ৪, ব্লক-বি, বনানী (ঠ) ১, জনসন রোড, রায় সাহেব বাজার (ড) ৫৭১, পূর্ব কাজীপাড়া, মিরপুর (ঢ) ডানা প্লাজা, চৌরাস্তা, গাজীপুর (ণ) তিন মাথা, রেলগেট, বগুড়া (ত) ১৪৫, নাটোর রোড, তালাইমারি, রাজশাহী। উল্লেখ্য যে, এ বিশ্ববিদ্যালয়ের কমিশনের অজানা আরো অবৈধ ক্যাম্পাস থাকতে পারে।

(২) **কুইন্স ইউনিভার্সিটি-** রাজশাহী।

গ) <u>অননুমোদিত ক্যাম্পাস (০৫টি)</u>

(১) **বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ-** (ক) ৭৪/৮১, বায়েজিদ বোস্তামি রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম (খ) ও আর নিজাম রোড, চট্টগ্রাম।

(২) **সাউদার্ণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ-** (ক) উত্তরা, ঢাকা (খ) বয়রা, খুলনা (গ) মজমপুর, কুষ্টিয়া (ঘ) সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা (ঙ) কারমাইকেল কলেজ রোড, লালবাগ, রংপুর (চ) ও আর নিজাম রোড, চট্টগ্রাম (ছ) গুলজার টাওয়ার, চকবাজার, চট্টগ্রাম।

* উল্লেখ্য যে, কমিশন কর্তৃক অনুমোদিত ক্যাম্পাস (৭৩৯, মেহেদীবাগ, চট্টগ্রাম ও ২২, শহীদ মির্জালেন, চট্টগ্রাম) ব্যতীত অন্য কোথাও ক্যাম্পাস নেই মর্মে পত্র মারফত বিশ্ববিদ্যালয় পরিচালনাকারী কর্তৃপক্ষ দাবী করেছে।

(৩) **ইউনিভার্সিটি অভ ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস-** উডল্যান্ড সেন্টার, ৪০/১ জাকির হোসেন রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।

(৪) **ইউনিভার্সিটি অভ সায়েন্স এন্ড টেকনোলজি চিটাগং-** ৬৩, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা।

(৫) **প্রাইম ইউনিভার্সিটি-** উত্তরা, ঢাকা।

ঘ) <u>অননুমোদিত আউটার ক্যাম্পাস বন্ধ (০২টি)</u>

অনুমোদিত ক্যাম্পাস ব্যতীত অন্য কোন ক্যাম্পাস কমিশন স্বীকৃতি দেয় না। কমিশনের নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত বিশ্ববিদ্যালয় আউটার ক্যাম্পাস বন্ধ করেছেঃ

(১) **নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ-** বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাননীয় আদালতের রায় এবং কমিশনের নির্দেশনা অনুযায়ী রাজশাহীস্থ ক্যাম্পাস বন্ধ করেছে। অধ্যয়নরত শিক্ষার্থীদের কমিশন অনুমোদিত ক্যাম্পাস (শের টাওয়ার, বাড়ী- ১৩, রোড- ১৭, বনানী, ঢাকা- ১২১৩)-এ স্থানান্তরের নির্দেশ দেয়া হয়েছে।

(২) **আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-** (ক) বহদ্দারহাট (মহিলা শাখা) চট্টগ্রাম, (খ) কর্ণফুলি ভবন (প্যারেড গ্রাউন্ডের পূর্ব পার্শ্বে), (গ) কেয়ারী শপিং মলের পিছনে অবস্থিত বর্ধিত ভবন, (ঘ) গুলজার টাওয়ার এর বিপরীত পার্শ্বে, (ঙ) চট্টেশ্বরী রোড।

* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত ক্যাম্পাসসমূহ পরিচালনা বন্ধ করে অধ্যয়নরত শিক্ষার্থীদের কমিশন কর্তৃক অনুমোদিত ক্যাম্পাস (কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম)-এ অবশিষ্ট কোর্স/প্রোগ্রাম সমাপ্ত করার জন্য ব্যবস্থা গ্রহণ করেছে মর্মে পত্র মারফত কমিশনকে অবহিত করা হয়েছে।

ঙ) <u>বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব এবং আদালতে মামলা বিচারাধীন (০৩টি)</u>

(১) ইবাইস ইউনিভার্সিটি (২) কুইন্স ইউনিভার্সিটি (৩) সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (শিক্ষা মন্ত্রণালয় শামীমাবাদ, বাগবাড়ি, সিলেটকে বৈধ কর্তৃপক্ষ হিসেবে পত্র দিয়েছে। উক্ত পত্রের বিরুদ্ধে একটি পক্ষ মামলা দায়ের করেছে। মামলাটি মাননীয় আদালতে বিচারাধীন)

চ) <u>বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব তবে মামলা নেই (১টি)</u>

ব্রিটানিয়া ইউনিভার্সিটি, কুমিল্লা

ছ) <u>শিক্ষা কার্যক্রম শুরু করেনি (০৮টি)</u>

সম্প্রতি অনুমোদনপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা কার্যক্রম তথা শিক্ষার্থী ভর্তির অনুমতি দেওয়া হয়নি তবে বিষয়টি প্রক্রিয়াধীনঃ

(১) দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স, ঢাকা (২) এন. পি. আই ইউনিভার্সিটি অব বাংলাদেশ, মানিকগঞ্জ (৩) রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া (৪) ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি, চট্টগ্রাম (৫) সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, ঢাকা (৬) রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকা (৭) ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ, বরিশাল (০৮) রূপায়ন এ. কে. এম শামসুজ্জোহা বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ।

জ) <u>দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ঃ</u> মহামান্য হাইকোর্টের আদেশবলে দারুল ইহসান বিশ্ববিদ্যালয় এবং ইহার সকল আউটার ক্যাম্পাস বন্ধ ঘোষণা করা হয়েছে। একই সাথে দেশের সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আউটার ক্যাম্পাস বন্ধ করা হয়েছে।

ঝ) <u>উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষঃ</u> বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অর্জিত ডিগ্রির সার্টিফিকেটে মূল স্বাক্ষরকারী কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। প্রত্যেক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ নিয়োগ করেন বিশ্ববিদ্যালয়ের আচার্য্য তথা মহামান্য রাষ্ট্রপতি। শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ৮৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৪৭টিতে উপাচার্য ও ১৬টিতে উপ-উপাচার্য এবং ৩৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কোষাধ্যক্ষ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত রয়েছে। ইউজিসির ওয়েবসাইটে এতদ্‌সংক্রান্ত তথ্য রয়েছে।

ঞ) <u>অনুমোদিত আসন সংখ্যাঃ</u> প্রত্যেক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত প্রোগ্রামের জন্য প্রতি সেমিস্টারে শিক্ষার্থী ভর্তির আসন সংখ্যা কমিশন থেকে নির্ধারণ করা হয়েছে। কমিশন নির্ধারিত আসন সংখ্যার চেয়ে অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

ট) <u>বিদেশী বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের কোর্স পরিচালনা বা ক্যাম্পাস স্থাপনঃ</u> অদ্যাবধি কোন বিদেশী বিশ্ববিদ্যালয়/শাখা/ক্যাম্পাস/স্টাডি সেন্টার স্থাপন ও পরিচালনার অনুমতি শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি কর্তৃক দেয়া হয়নি বিধায় কোন বিদেশী উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে প্রতারণার শিকার না হওয়ার জন্যও সতর্ক করা হলো।

২। বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনিয়ম সম্পর্কে অনুসন্ধান চলছে, পরবর্তীতে সমস্যা সংবলিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের তালিকা হালনাগাদ করে প্রকাশ করা হবে।

৩। অনুমোদনবিহীন কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় কিংবা অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত ক্যাম্পাসে কোন প্রোগ্রাম/কোর্সে ভর্তি হলে তার দায়-দায়িত্ব শিক্ষা মন্ত্রণালয় বা ইউজিসি নেবে না। কাজেই শুধুমাত্র সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাসে এবং অনুমোদিত প্রোগ্রামে ভর্তি হওয়ার জন্য ইউজিসির ওয়েবসাইট (www.ugc.gov.bd) থেকে তথ্য সংগ্রহপূর্বক ভর্তি হওয়ার জন্য পরামর্শ দেয়া হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

জেসমিন পারভীন
উপ-পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।

এসসি-১৬৯৯/১৬ (১৩"x৫)